জাকির নায়েক

ZAKIR NAIK

an analysis



How We Made Him Puppet of The Political Game

মোঃ আসাদুজ্জামান জুয়েল

জাকির নায়েক

কিভাবে আমরা তাকে রাজনীতির পুতুল বানালাম?

Zakir Naik - How We Made Him Puppet of the Political Game?

গবেষক ও লেখক

মোঃ আসাদুজ্জামান জুয়েল

আমরা জানি জাকির নায়েক একজন অপরাজিত মানব। কিভাবে আমরা মুসলিমরাই তাকে পরাজিত করলাম এবং কিভাবে আমরা তাকে রাজনীতির পুতুল বানালাম- এই বিষয়ের উপর সামান্য কিছু গবেষণা।

প্রকাশনায় ও প্রাপ্তিস্থানঃ

লাকী বুক ষ্টোর

২০, শামীম স্কয়ার (শঙ্খ) মার্কেট, খুলনা

প্রকাশকালঃ ৩১ই মে ২০১৯

মূল্যঃ ১০ টাকা

গবেষক ও লেখকের কথা

আসসালামু আলাইকুম, সকল প্রশংসা আল্লাহর। প্রকৃতপক্ষে অধিকাংশ মুসলিমদের মতে জাকির নায়েকের কি আর প্রয়োজন রয়েছে? উত্তর না। তার যা করার ছিল ইতিমধ্যে তিনি শেষ করেছেন বিশেষ করে অমুসলিমদের ক্ষেত্রে তার লেকচার ও ডিবেট। সকল মুসলিমদের উপর শ্রদ্ধা রেখেই এই বই লেখা এবং কিছু লেখা আমাদের মুসলিমদের বিরুদ্ধে যেতে পারে। কিন্তু এটিকে নেতিবাচক হিসাবে আমরা অবশ্যই গণ্য করব না। কারন এটি একটি গবেষণার ফল মাত্র। আমরা জানি Politics is just a game। ভারত কিভাবে একটি মুসলিমকে অযথা ধর্মীয় ঘৃণার জন্য তাড়িয়ে নিয়ে বেড়াচ্ছে তা দেখে মুসলিম এবং অমুসলিমরা হতবাক কারন আমরা আধুনিক যুগে বাস করছি। এই সবের পরিপক্ষিতে এই বই লেখা।

ধন্যবাদ
মোঃ আসাদুজ্জামান জুয়েল

MD Assadujjaman is an independent research fellow in counter Islamphobia studies.

ভুল ত্রুটির জন্য ইনবক্স করুন।

https://www.facebook.com/asaduzzaman.jewel.737

সূচিপত্র **পৃষ্ঠা**

১। আমাদের ব্রেইনের ইতিবাচক বা নেতিবাচকে কিভাবে কাজ করে?

শূন্যস্থান পুরন করি।

__uck, _ex

আপনি যা ভেবেছেন তা আসলে নয়। কিংবা আপনি সঠিকটাও ধরতে পারেন। আমাদের ব্রেইন নেতিবাচকে ভাল কাজ করে। উত্তর বইয়ের শেষে দেওয়া রয়েছে।

২। মানুষের বিভক্তের তত্ত্ব বা থেওরি।

সব সময় - যে কোন ব্যক্তি যদি কোন বক্তব্য দেই, তাহলে বক্তব্য শ্রবণকারীরা দুইভাগে বিভক্ত হয়। এটি রাজনীতি বক্তব্য হতে পারে। ধর্মীয় বক্তব্য হতে পারে। একটি সত্য খবর হতে পারে, মিথ্যা খবর হতে পারে ইত্যাদি।

৩। বিভিন্ন আলেম, জ্ঞানী ব্যক্তি, উচ্চশিক্ষিত ব্যক্তি, গবেষক ও রাজনীতিবিদদের মতে জাকির নায়েক কে?

জাকির আব্দুল করিম নায়েক হলেন একজন ভারতীয় ইসলামী চিন্তাবিদ, ধর্মপ্রচারক, বক্তা ও লেখক যিনি ইসলাম ও তুলনামূলক ধর্মতত্ত্ব বিষয়ে কাজ করেন। তিনি ইসলামিক রিসার্চ ফাউন্ডেশন নামক একটি অলাভজনক প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা যেটি পিস টিভি নেটওয়ার্ক পরিচালনা করে থাকে যার মাধ্যমে তার বক্তৃতা প্রায় দশ কোটি দর্শকের নিকট পৌঁছে যায়। তাকে "তুলনামূলক ধর্মতত্ত্বের একজন বিশেষজ্ঞ" "অনুমেয়ভাবে ভারতের সালাফি মতাদর্শের অনুসারী সবচেয়ে প্রভাবশালী ব্যক্তি টেলিভিশনভিত্তিক-ধর্মপ্রচারণার রকস্টার এবং "পৃথিবীর শীর্ষস্থানীয় ইসলাম ধর্মপ্রচারক" বলা হয়ে থাকে। বহু ইসলামী ধর্মপ্রচারকদের সাথে তার ভিন্নতা হল, তার বক্তৃতাগুলো পারস্পারিক আলাপচারিতা ও প্রশ্নোত্তরভিত্তিক যা তিনি আরবি কিংবা উর্দুতে নয় বরং ইংরেজি ভাষায় প্রদান করেন।

পেশাগত জীবনে তিনি একজন ডাক্তার হলেও ১৯৯১ সাল থেকে তিনি ইসলাম ধর্ম প্রচারে মনোনিবেশ করেন। ইসলাম এবং তুলনামূলক ধর্মের উপর তিনি তার বক্তৃতার বহু পুস্তিকা সংস্করণ প্রকাশ করেছেন। যদিও প্রকাশ্যে তিনি ইসলামে শ্রেণীবিভাজনকে অস্বীকার করে থাকেন তবুও অনেকে তাকে সালাফি মতাদর্শের সমর্থক বলে মনে করেন, এবং আরও অনেকে তাকে ওয়াহাবি মতবাদ প্রচারকারী একজন আমূল-সংস্কারবাদী ইসলামিক "টেলিভেগানিস্ট" বা "তহবিল সংগ্রহকারী টেলিভিশন ধর্মপ্রচারক" বলেও মনে করে থাকেন। বর্তমানে ভারত, কানাডা, যুক্তরাজ্য ও বাংলাদেশে তার ধর্মপ্রচার নিষিদ্ধ। বলা হয়ে থাকে যে, ইসলামিক সম্প্রদায়ের বাহিরের তুলনায় এর ভেতরেই তার সমালোচকের সংখ্যা বেশী। - Fact

উল্লেখ্য উপরের দেশ গুলোর নাম থেকে আমরা জানছি আমরা ইহুদীদের আংশিক দালাল। এইখানে একটি বিষয় পরিলক্ষিত যে আপনি যদি মুসলিম হন এবং মুসলিম উম্মাহকে নিয়ে ভাল চিন্তা করেন তাহলে আপনার প্রধান সমালোচক হবে মুসলিম এবং এটির সম্ভবনা ৭০% এবং আপনি অমুসলিম হয়ে যদি মুসলিম উম্মাহকে নিয়ে ভাল চিন্তা করেন তাহলে আপনি মুসলিমদের সমালোচক হবে তার সম্ভবনা ৫০%। আমরা জানি আধুনিক যুগে মুসলিমদের সঙ্কটময় সময় চলছে এবং আমরা জানছি কিভাবে বিভিন্ন দেশে মুসলিমদের হত্যা করা হচ্ছে। কিন্তু কোন উন্নত দেশ কি মুসলিমদের সাহায্যকারী হবে? কারন অমুসলিমরা জানে আমরা মুসলিমরা আসলে কেমন। আপনি মুসলিম হলেও মুসলিমদের সাহায্য পাবেন না এটি অনেককে বিশ্বাস করাতে আমরা সক্ষম হয়েছি।

৪। জাকির নায়েকের দৃষ্টিভঙ্গি

জাকির বলেন তার লক্ষ্য হচ্ছে শিক্ষিত মুসলমানরা যারা তাদের নিজ ধর্মকে ত্রুটিপূর্ণ, সেকেলে বলে মনে করেন। তিনি মনে করেন, প্রত্যেক মুসলিমের উচিত ইসলাম সম্বন্ধে ভুল ধারণা গুলো ভেঙে দেওয়া এবং পশ্চিমা মিডিয়ার ইসলামের ওপর অপপ্রচারের বিরুদ্ধে রুখে দাঁড়ানো। ইসলামের বিরুদ্ধে অপপ্রচার বলতে তিনি যুক্তরাষ্ট্রে সেপ্টেম্বর ১১, ২০০১-এর আক্রমণ বা নাইন ইলেভেন এর সাজানো নাটককে বোঝান। নায়েকের ভাষ্য অনুযায়ী, ইসলাম একটি কার্যকারণ ও যুক্তির ধর্ম, এবং কুরআনে বিজ্ঞান সম্পর্কিত ১০০০ বানী রয়েছে। - এখন প্রশ্ন একটি মানুষের মাধ্যমে এত কিছু করা কিভাবে সম্ভব। সব গবেষণা কি একান্তই তার নিজের? এটিও জানব-

৫। মানুষ তার বিরোধিতা করে কারন কি - তার ভুল?

ইসলামিক মতে আমরা মানুষ নাকি ফেরেস্তা এটির প্রমান কি? - আমরা জানি মানুষের ভুল। জাকির নায়েক কি ভুল করতে পারে - উত্তর হ্যাঁ। তাকে কি আমরা মুসলিমরা ভুল সংশোধনের সময় দিয়েছি? উত্তর না। তাকে কি আমরা কিছু শাস্তি দিতে পেরেছি? উত্তর হ্যাঁ। এখন প্রশ্ন এই শাস্তি কত দিনে শেষ হবে? মুসলিমরা জাকির নায়েকের বিরোধিতা করে কারন তার কিছু ভুল সংশোধনের উপদেশ ও পরামর্শ এবং তার একটি লেকচারে সে বলেছে সালাফিরা কুরআন সুন্নাহর কাছাকাছি। সে বলেছে সকল মুসলিমকে এক করতে হলে প্রথমে কুরআন, সহি হাদিস, ইমামদের ফতোয়া মেনে চলতে হবে ইত্যাদি। কিছু মানুষ বিরোধিতা করে তার কিছু ভুল যেমন আমরা দেখেছি জাকির নায়েক তথ্যসূত্র দিচ্ছে ভুল। এছাড়াও আরও স্বল্প কিছু রয়েছে। উল্লেখ্য আমাদের অনেক আলেম তার বিরোধিতা করেছে- সাধারন মুসলিমদের বিভিন্ন প্রশ্নের মুখোমুখি হওয়ার কারণে প্রকৃতপক্ষে আলেমদের একটি অন্যতম কাজ মানুষের উত্তর দেওয়া অবশেষে তারা রাজনীতিও করেছে।

৬। জাকির নায়েকের বিরুদ্ধাচরণের সার্থকতা।

আমরা জাকির নায়েকের বিরোধিতা করেছি। তার চ্যানেল বন্ধ করতে সক্ষম হয়েছি এটি একটি প্রমান আমরা বিজয়ী হয়েছি কিন্তু সাথে সাথে কিছু হিন্দু, নাস্তিক, পশ্চিমা ও ইউরোপকে বিজয়ী হতে সাহায্য করেছি আমাদের অজান্তে। জাকির নায়েকের দাওয়াতি কাজে ভুল থাকতে পারে (আমাদের মতে) কিংবা তার ত্রুটি থাকতে পারে। যদিও আমরা জানি জাকির নায়েক ডাক্তার হয়ে জীবন যাপন করে সুখী হতে পারত। কিন্তু জাকির নায়েক একজন ভাল বাবা এবং স্বামী। আমাদের বিজয়ের সাথে আমরা একজন মুসলিম বাবাকে তার পরিবার থেকে আলাদা করে দিলাম। পরবর্তীতে আমরা তাকে দেশ ছাড়া করালাম। আপনি চিন্তা করছেন আমরা কিভাবে তাকে দেশ ছাড়া করালাম? মুসলিমরাই বিরোধিতা করে তাহলে মুসলিমদের বিরোধিতা গুলোকে নিয়ে কেন অমুসলিমরা রাজনীতি করবে না?

একজন বাবাকে তার পরিবার থেকে আলাদা করে দিলাম- আসলেই যা বলা হল এইগুলো কিছুই না কারন আমরা মধ্যপ্রাচ্য এর চেয়ে ভয়াবহ ঘটনা দেখেছি ঠিক না? আমাদের মুরুব্বীরা ৭১ দেখেছে ইত্যাদি। পরিবার থেকে একজনকে আলাদা হল- এটি কিছুই না কারন আমরা এই সবে অভ্যস্ত। আমরা জানি বর্তমানে জাকির নায়েক মালয়েশিয়ায় স্থানান্তর হয়েছে।

৭। নেতিবাচক মন (বিরোধিতা) কি রোগে পরিণত হতে পারে? (DSM-5, ICD-10 অনুযায়ী)

ICD-10 International Statistical Classification of Diseases (১)

DSM-5 Diagnostic and Statistical Manual of Mental Disorders, 5th Edition

আমরা অমুসলিমদের ক্ষেত্রে পূর্বে জেনেছি বিরোধিতা রোগে পরিণত হতে পারে আমরা এখন এটিকে মুসলিমদের সাথে মিলিয়ে দেখব। ইন-শা-আল্লাহ।

নেতিবাচক মন রোগে পরিণত হতে পারে। এটি ব্যক্তির উপর, ব্যক্তির লক্ষের উপর, ব্যক্তির বিরোধিতার উপর নির্ভর করে। অর্থাৎ বিরোধিতা যখন হিংস্রতায় রুপান্তর হল। এটি কে ব্যক্তিত্বের ব্যাধি (Personality Disorders) বা PD বলা হয়। PD এর সাথে সংশ্লিষ্ট রোগগুলি সামাজিক, সমাজতান্ত্রিক (sociopolitical) এবং অর্থনৈতিক বিবেচনার ভিত্তিতে মানুষের মধ্যে দেখা দিতে পারে, যা ব্যক্তির মধ্যে বিদ্যমান হয় কঠোরভাবে। এই রোগে ব্যক্তিরা দুই ধরণের অহংকারের সাথে যুক্ত হয়ে থাকে।

যেমন অহংকারের সাত্ম্য (ego-syntonic) ও অহংকার অখণ্ডতা (ego integrity)।

কিভাবে আমরা এই রোগ থেকে পরিত্রান পেতে পারি? এটি ব্যক্তির উপর নির্ভরশীল এবং অনেক সময় এটির জন্য ঔষধের প্রয়োজন হয় না।

(১) https://en.wikipedia.org/wiki/Personality_disorder

৮। মজার অভিযোগ গুলি

নাস্তিকরা সাধারণত মুসলিমদের বিরুদ্ধে কিভাবে অভিযোগ করে তা আমরা একটু জেনে নিই- নাস্তিক আপনার সামনে এমন একটি বিষয় উপস্থাপন করবে যা আসলে আপনার জীবনে কোন সময় প্রয়োজন পড়বে না কিংবা এমন একটি কুরআনের আয়াত বা একটি হাদিস যা আপনি আপনার জীবনে কোন সময় আমল করবেন কিনা সন্দেহ। কিংবা একটি মানুষ সম্পর্কে একটি অপ্রয়োজনীয় বিষয় আপনার সামনে তুলে ধরবে।

আমাদের অভিযোগ গুলি কি কি?

অভিযোগের সাথে আমাদের এটিও জানতে হবে অভিযোগ গুলি যদি কেউ খণ্ডিয়ে থাকে তাহলে কি আমরা এই খণ্ডন গুলি মেনে নিতে প্রস্তুত? ও আচ্ছা আমরা তো সংশোধনে বিশ্বাসী নয়। আমাদের বিরোধিতার মাত্রা এমন হয়েছে এটি আমাদের অভ্যাসে পরিনত হয়েছে। আমরা জানি আলেমরা আলেমদের বিরোধিতা করে থাকে বিভিন্ন কারণে। কিন্তু আমরা জাকির নায়েককে আমাদের দেশের আলেমদের বিরোধিতা করতে দেখিনি এবং আমরা জাকির নায়েকের বিরোধিতা করার জন্য কিছু fallacy ব্যবহার করেছি। আপনি কি মনে করছেন fallacy শুধুমাত্র দার্শনিক, রাজনীতিবিদ, বিজ্ঞানীরা ব্যবহার করে?

৯। Fallacy কি? (প্রতারণামূলক কিছু)

fallacy হল একটি ভ্রান্ত ধারণা বা অবৈধ বা ত্রুটিযুক্ত যুক্তি বা ভুল যুক্তি কিংবা একটি প্যাচ যা যুক্তি বা আর্গুমেন্ট নির্মাণে ব্যবহার করা হয়ে থাকে এবং এই মিথ্যা যুক্তি, সত্যের চেয়ে ভাল প্রদর্শিত হয় মানুষের কাছে কিন্তু এটি প্রতারণামূলক হতে পারে।

আমরা মুসলিমরা জাকির নায়েকের বিরুদ্ধে যে fallacy ব্যবহার করেছি তা নিম্নেঃ

Strawman fallacy হল এমন যে, আমাদের যাই বলবেন সেটাকে আমরা আপনার সামনে আবার ভুলভাবে উপস্থান করি।

Red herring হল এমন যে, যখন কেউ উত্তর দিল বা কোন অভিযোগ খণ্ডন করল তখন আমরা বিষয় পরিবর্তন করতে চাই।

Sophistries হল এমন যে, কোন প্রশ্নের উত্তর বা সমাধান দিলে আমরা অগ্রাহ্য করি।

Genetic fallacy হল এমন যে, কেউ যদি বলে এক আর এক দুই তাহলে আমরা বলি এইটা ঠিক না।

Poisoning the well fallacy হল এমন যে, আমরা অন্য মানুষদের বলি তাদের কথা বা যুক্তি শোন না কারন তারা মিথ্যা বলে।

Tu quoque – আমরা এটিও বলি তুমি ভণ্ড তোমার সব কিছু ভুলভাল।

অভিযোগ গুলো আমরা জানি। কেননা আমরাই অভিযোগগুলি করেছি।

স্যুট-টাই পরিধান করে কেন? ফতোয়া দেই কেন? ইত্যাদি।

কিন্তু অভিযোগগুলির কারণে জাকির নায়েকের নৈতিকতা কিংবা ইসলাম প্রচারের অনুপ্রেরণা কিন্তু হ্রাস পাইনি। এবং ইসলাম ও মুহাম্মদ সাঃ এর ব্যাপারে মুসলিমদের নৈতিকতা এইভাবে কাজ করে- হ্রাস পায়না। কারন আল্লাহর ইচ্ছা হল মুসলিমদের নৈতিকতা। আমরা মুসলিমরা আধ্যাত্মিকতার সাথে যুক্ত কিন্তু আমরা কেন অনুধাবন করতে পারলাম না জাকির নায়েকের ক্ষেত্রে? ব্যাপারটা কি এমন- আমরা কি আসলেই আধ্যাত্মিকতার সাথে ঠিক মত যুক্ত?

আমরা দেখেছি কিছু অমুসলিম ভিডিও কেটে সম্পাদনা করে জাকির নায়েকের প্রভাবের ভাবমূর্তিকে নষ্ট করার চেষ্টা করছে। এবং একসময় আমরা মুসলিমরা যারা জাকির নায়েককে পছন্দ করিনা আমরা অমুসলিমদের ভিডিও গুলোকে ব্যবহার করছি এবং অবশেষে আমরা মুসলিমরা পর্যন্ত ভিডিও কেটে সম্পাদনা করে ভুল ভাবে উপস্থাপন শুরু করেছি - এটি কি একটি প্রমান আমরা ইহুদী খ্রিষ্টানদের অনুসরণ করি? পূর্বে ইউ টিউব ছিল মুসলিম ও অমুসলিমদের মধ্যের কাদা ছুড়াছুড়ি বর্তমানে আমরা মুসলিমরা ইউ টিউবকে মুসলিমদের কাদা ছুড়াছুড়িতে রুপান্তর করেছি। যা একটি দুঃখজনক বিষয়।

জাকির নায়েকের বিরোধিতা প্রথম শুরু করে নাস্তিকরা এবং নাস্তিকরা অমুসলিমদের পক্ষ হয়ে বিরোধিতা শুরু করে। পরবর্তীতে নাস্তিকদের এই সব বিরোধিতা দেখে হিন্দু কিংবা অমুসলিমরা শুরু করে। এমন কি আমরা মুসলিমরা তার বিরোধিতা শুরু করি। আমাদের কিছু মুসলিমদের বিরোধিতার জন্য জাকির নায়েককে সালাফিরা দলে ভিড়াতে সক্ষম হয়েছে। অনেক দেশে অমুসলিমদের সাথে নিয়ে মুসলিমরা জাকির নায়েকের বিরুদ্ধে সকলেই এক জোট হল। যেসব মুসলিমরা অমুসলিমদের সাথে একজোট হল তারা কিন্তু সৌদি আরবের সাথে অমুসলিমদের দেশের সম্পর্ক পছন্দ করে না এবং বলে থাকে সৌদি ইহুদীদের দালাল। আমাদের অনেক আলেম সত্যি বলে জাকির নায়েকের বিরোধিতা না করার কি আছে? আমরা তো মুসলিম!!

অনেক দেশে এমন রয়েছে যেখানকার মুসলিম আলেমগন জাকির নায়েক সম্পর্কে বলেছেন আমরা জাকির নায়েকের উপর শ্রদ্ধা রেখেই বলছি - ফিকাহের বিষয়ে জাকির নায়েককে এড়িয়ে চলুন। বাকি সব ঠিক আছে। এটি কি একটি জ্ঞানী আলেমদের পরিচয় নয়?

১০। জাকির নায়েক কি কৌশল মানব?

আমরা জানি জাকির নায়েক যা বলে দলিল সহকারে। প্রশ্ন হতে পারে জাকির নায়েক যা বলে, সে কি তার ইচ্ছামত বলে? অবশ্যই না, কিন্তু ভুল করতে পারে। আমরা জানি জাকির নায়েক কিছু আলেমদের বই ও কিছু গবেষকদের বইয়ের সাহায্য নিয়েছে এবং সব তার নিজস্ব গবেষণার ফল নয়। যেসব গবেষকদের সাহায্য নিয়েছে- হারুন ইয়াহিয়া (Adnan Oktar or Harun Yahya) বা আহমেদ দেদাত ইত্যাদি।

আমরা অনেকেই ভুল ভাবে বিশ্বাস করি তাকে জিন সাহায্য করে। এটি একটি ভুল ধারনা। আমাদেরকে জানতে হবে eidetic memory ও Exceptional memory সম্পর্কে। eidetic memory হল ফোটোগ্রাফিক স্মরণ শক্তি। Exceptional memory হল স্মরণ শক্তি অন্যদের থেকে একটু ভিন্ন।

জাকির নায়েক যাকে আমরা মুসলিমরা জানি তিনি একজন কৌশল মানব। সে বিভিন্ন রকমের কৌশল অবলম্বন করে কিন্তু উদ্দেশ্য সৎ।

কৌশল কি?

একটি কৌশল একটি লক্ষ্য অর্জনের লক্ষ্যে একটি ধারণামূলক কর্ম। এই কর্মটি এক বা একাধিক নির্দিষ্ট কাজ হিসাবে প্রয়োগ করা যেতে পারে। এই শব্দ সাধারণত ব্যবসা, প্রতিবাদ এবং সামরিক প্রসঙ্গে ব্যবহৃত হয়। আমরা জানি জাকির নায়েকের কৌশল প্রতিবাদের জন্য এবং মানুষকে ইসলামে রুপান্তরের জন্য।

১১। রাজনীতি কোন স্থানে সহজ?

অধিকাংশ দেশে রাজনীতিবিদরা ব্যক্তি কেন্দ্রিক হয়ে থাকে অর্থাৎ রাজনীতিবিদের নিজস্ব অবস্থান। যেখানেই ভাগ রয়েছে সেখানেই রাজনীতি সহজ। একজন ব্যক্তি যার সমাজে বা দেশে নাম রয়েছে তাকে নিয়ে রাজনীতি সহজ। মানুষের আবেগ মিশ্রিত বিষয় নিয়ে রাজনীতি সহজ। যে কোন ঘটনা বা ধর্ম নিয়ে রাজনীতি সহজ।

---

https://en.wikipedia.org/wiki/Adnan_Oktar

https://en.wikipedia.org/wiki/Exceptional_memory

https://en.wikipedia.org/wiki/Eidetic_memory

১২। জাকির নায়েক কে নিয়ে রাজনীতি

আমরা দেখেছি হিন্দুরা জাকির নায়েককে থামাতে পারছে না। এই জন্য হিন্দুরা জাকির নায়েকের ব্যাপারে রাজনীতির সহযোগিতা নিয়েছে। কারন এর পূর্বে অসংখ্য মুসলিম বিশেষ করে কিছুকে আমরা চিনি তারা হিন্দুতে রুপান্তর হয়েছে যেটি আমরা মুসলিমরা জানি না। যেমন Maulvi Mehboob Ali সহ অনেকেই। আমরা চিন্তা করি হিন্দু থেকে মুসলিমে রুপান্তর হওয়া যায় কিন্তু মুসলিম থেকে হিন্দুতে রুপান্তর হওয়া যায় না। এটি একটি ভুল ধারনা।

একটি সময়ে আমরা যা দেখলাম- মুসলিম ও হিন্দুদের নেতিবাচক আবেগ জাকির নায়েকের বিরুদ্ধে কাজ করছিল এবং জাকির নায়েক পশ্চিমাদের সন্ত্রাসী বলে আখ্যায়িত করেছিল। ভারত কত টাকা ওয়ার্ল্ড ব্যাংকের কাছ থেকে হাতিয়েছে জাকির নায়েক কে স্বদেশ থেকে বিতাড়িত করার জন্য - গোপন বিষয়। ওয়ার্ল্ড ব্যাংক দেবে কেন? ইস্রাইল কিংবা পশ্চিমাদের ভাব মূর্তি মানুষদের কাছে রক্ষার জন্য এবং পশ্চিমাদের যেন মানুষ না ঘৃণা করে সেজন্য তারা বাজেট করে থাকে।

মূল সমস্যা কি?

বাংলাদেশি একটি সংবাদপত্র থেকে জানা গেছে যে ইসলামী প্রচারক জাকির নায়েক ঢাকা জঙ্গিদের "অনুপ্রাণিত" করেছে। এরপর থেকে ভারতে ইসলামী বিদ্বেষ (Islamophobic) বক্তব্যের একটি নতুন উন্মদনা শুরু হয়। মোদি সরকার মুসলিম-বিদ্রোহের এই সুযোগটি দ্রুত দখল করে। কিন্তু জাকির নায়েকের বিরুদ্ধে অভিযোগের অকাঠ্য প্রমাণ পাওয়া যায়নি। কিন্তু ঢাকার জঙ্গি হামলার রোহান ইমতিয়াজ ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছিল এক বছর পূর্বে – সে সকল মুসলমানদের সন্ত্রাসী হতে আহ্বান জানায়- জাকির নায়েকের উদ্ধৃতি দিয়ে।

অভিযোগ কি এইভাবে কাজ করে?

ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছিল জাকির নায়েকের উদ্ধৃতি দিয়ে এইজন্য জাকির নায়েক উক্ত কাজে যুক্ত? অভিযোগ এইভাবে কাজ করলে সকল বিজ্ঞানীরা সন্ত্রাসী বিশেষ করে যারা মানুষ হত্যার টেকনোলজি গুলোকে তৈরি করেছে ও উন্নত করেছে। এদের মধ্যে যে নিউক তৈরি করেছে তার সব চেয়ে বড় সন্ত্রাসী হওয়া উচিত। ঠিক তো? প্রকৃতপক্ষে অভিযোগটিকে legal reasoning test দিয়ে পাশ করাতে হয়। অবশ্য আমরা ভারত বাংলাদেশ পাকিস্তানের নাগরিক, আমাদের আবার legal reasoning test লাগে নাকি? রোহান ইমতিয়াজের সাথে একজন বলিউড অভিনেতার ছবিও দেওয়া ছিল। এই অভিনেতা

কি সন্ত্রাসের সাথে যুক্ত কিনা কেউ প্রশ্ন করেনি। অন্য সব কারণকে উপেক্ষা করা হয়েছে। এটির কারন ভারতের রাজনীতিবিদদের রাজনীতি হতে পারে। অভিযোগ বা যুক্ত এইভাবে কাজ করতে পারে, যদি কাউকে জোর করে দোষী সাব্যস্ত করতে হয়।

আমরা পূর্বে দেখেছি জাকির নায়েকের সমালোচনা অনেকেই করেছে। যখন জাকির নায়েকের বিরুদ্ধে অভিযোগ করা হল তার লেকচার জঙ্গিদের "অনুপ্রাণিত" করছে তখন, কারো আর বুঝতে বাকি নেই রাজনীতি চলছে।

প্রগতিশীল ও সংখ্যালঘু অধিকার কর্মী জাভেদ আনন্দের লেখা একটি আদর্শ উদাহরণ। সে বলেছে নায়েকের "সন্ত্রাসী নেটওয়ার্ক" এর সাথে "লিংক" অসম্পূর্ণ ইন্ডিয়ান এক্সপ্রেসে আনন্দ (জুলাই ৭, ২০১৬)। আরও বলেছেন এই গুলো সব ঘৃণার ফল মাত্র।

যুক্তের অভিযোগ যদি এইভাবে কাজ করে তাহলে অন্যদের ক্ষেত্রে একইভাবে কাজ করা উচিত?

মিথ্যা অভিযোগ দিয়ে বলা হচ্ছে - জাকির নায়েক সন্ত্রাসবাদ প্রচার করছে। এর অর্থ কি আমরা উপলব্ধি করতে পারছি? এখানে ইসলাম সন্ত্রাসবাদ সেটিকে বুঝান হয়েছে। এবং এর জন্য যদি তাকে শাস্তি দিতে তার চ্যানেল বন্ধ করা হয় কিংবা তাকে যে কোন দেশে প্রবেশ নিষিদ্ধ করা হয়। তাহলে শ্রী শ্রী রভি শঙ্কর, মহেশ ভাট, বারখা ডাট (Barkha Dut), শেখার গুপ্ত (Shekar Gupta) যারা জাকির নায়েকের সাথে যুক্ত এবং যাদের সাথে তার সুসম্পর্ক রয়েছে এদের কি শাস্তি হওয়া উচিত?

জাকির নায়েকের মালয়েশিয়ান লইয়ার মিঃ শাহরুদ্দিন আলী (Mr Shaharudin Ali) বলেছেন প্রধান সমস্যা হল সে লক্ষ্য লক্ষ্য মানুষের সামনে খোলাখুলি ভাবে সত্য বলেছেন বিশেষ করে অনেক রাজনীতিবিদদের বিরুদ্ধে। তার বিরুদ্ধে সন্ত্রাস প্রচারণার অভিযোগ তোলা হয়েছে। ভারতের পর সৌদি এ বিষয়ে তদন্ত করেছেন কিন্তু কিছুই পাইনি।

রাজনীতিবিদরা কিভাবে কাজ করে?

রাজনীতিবিদরা সাধারণত নিউস কিংবা সংবাদপত্রের খবরের উপর কিংবা যারা তাদের আসে পাশে থাকে তাদের তথ্যের ভিত্তিতে কাজ করে এবং এটি এই জন্য তারা করে কারন তাদের ব্যস্ততা। যে কোন বিষয়ে তাদের বেশি সময় দেওয়ার সময় থাকে না। আমরা আমাদের রাজনীতিবিদদের উপর আশা করি কারন রাজনীতিবিদদেরকে the game changer বলা হয়। তারা ইচ্ছা করলে এই গুলো ঠিক করতে পারে।

রাজনীতিবিদরা গুরুত্বপূর্ণ বিষয় গুলোকে গবেষণা ও পর্যবেক্ষণ করে সিদ্ধান্ত গ্রহণ করে কার্যকর করে। একটি চ্যানেল বন্ধ বা কাউকে দেশে প্রবেশ করতে না দেওয়া এইগুলো সাধারন বিষয়।

যে কোন বক্তব্য যদি এইভাবে কাজ করে- জাকির নায়েকের একটি বক্তব্যের অনুষ্ঠান হওয়া উচিত পশ্চিমা বা আন্তর্জাতিক রাজনীতিবিদদের নিয়ে – আপনি কি বলতে চাচ্ছেন মুসলিমদের কাছে কাজ হইনি আর সেখানে তার বক্তব্য কাজ করবে না?

একটি মিথ্যা অভিযোগ খণ্ডন। অনুপ্রাণিত হয়ে অপরাধ করা?

লেকচার শুনে কিংবা বই পড়ে অনুপ্রাণিত হয়ে অপরাধে লিপ্ত - এটির কোন আইন আমাদের ভারতবর্ষে বিদ্যমান কিনা সন্দেহ। ধর্মীয় গ্রন্থ, গল্প, সাহিত্য পড়ে কিংবা ক্রাইম পেট্রোল দেখে, কোন মুভি দেখে মানুষ অপরাধের সাথে যুক্ত হতে পারে এর জন্য কি ধর্মীয় গ্রন্থ, গল্প, সাহিত্য কিংবা টিভি দায়ী? আপনি বলতে পারেন অন্য কিছু একটা আইন বিদ্যমান তাহলে নিচের সাথে মিলিয়ে নিন।

Encouraging or assisting a crime in English law (২)

যদি একজন প্রতিবাদী অপরাধ সংঘটিত করার পদক্ষেপ নেয়, বা অন্যকে তা করার জন্য উৎসাহিত করে। এই পরিস্থিতিতে সাধারণত তিনটি বিভাগে বিভক্ত করা হয়। ১। প্রতিবাদকারী (যার মাধ্যমে অনুপ্রাণিত) "সম্পূর্ণ অপরাধ সম্পন্ন করার জন্য" পদক্ষেপ গ্রহণ করেছে।

জাকির নায়েকের যে লেকচার নিয়ে সমস্যা এই লেকচার সে দিয়েছিল লন্ডনে, লন্ডনের মানুষদের জন্য ২০১০ এর পূর্বে এবং ২০১০ সালে তাকে ইউ কে তে নিষেধাজ্ঞা করা হয় এবং তার এই লেকচার বন্ধ করে দেওয়া হয় এবং এটি টিভিতেও সম্প্রচার বন্ধ করে দেই জাকির নায়েক। অপরদিকে বাংলাদেশে সন্ত্রাসী অ্যাটাক হয় ২০১৬ সালে - মিথ্যা প্রমানিত হল।

২। যেখানে প্রতিবাদী (যার মাধ্যমে অনুপ্রাণিত) অন্যকে অপরাধ এবং ষড়যন্ত্র করার জন্য উৎসাহিত করেছে।

অপরাধের জন্য উৎসাহিত করলে অপরাধ খ্রিষ্টান দেশে ও অন্যভাবে ঘটত। - মিথ্যা প্রমানিত হল।

(২)https://en.wikipedia.org/wiki/Encouraging_or_assisting_a_crime_in_English_law

৩। যেখানে প্রতিবাদী অন্যের সাথে অপরাধ সংঘটিত করার ব্যাপারে একমত হয়েছে।

এটি উত্তর জাকির নায়েক দিয়েছে - যে ব্যক্তিটি সন্ত্রাসী হামলা করেছে তার বাড়িতে আমার ভিডিও ছিল, তাই আমাকে বলা হচ্ছে যে, আমি তাকে সন্ত্রাসী হতে অনুপ্রাণিত করছি? মোদির জানা উচিত যে বিভিন্ন দেশের প্রধানমন্ত্রীর, রাষ্ট্রপতি, রাজনীতিবিদ এবং (৩) বিভিন্ন দেশে আমার ডিভিডি আছে। কেন মোদী বা তারা বলছেন না যে জাকির জনগণকে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও ডাক্তার হতে অনুপ্রাণিত করছেন? আমার ফেসবুক পৃষ্ঠায় ১৭.৩ মিলিয়ন অনুসরণকারী এবং ১৭.৪ মিলিয়ন লাইক রয়েছে। তাদের মধ্যে ভাল, খারাপ এবং কুৎসিত মানুষ আছে।

২০১৬ সালের বাংলাদেশ সন্ত্রাসী হামলা কে করেছে আমাদের রাজনীতিবিদদের মতে? যেকোন ঘটনা ঘটলে ঘটনা সম্পর্কে ধারনা পেতে সময়ের প্রয়োজন হয়। জাকির নায়েকের নামই নেই Responsibility তে কিংবা কোন সরকারিতে- কিন্তু রয়েছে মুখে?

উইকিপেডিয়ার Responsibility প্যারাতে যা লেখা রয়েছে। (৪)

The New York Times অনুযায়ী এটি ISIL এর সাথে যুক্ত এবং ISIL থেকে প্রভাবিত হয়ে এটি ঘটেছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন ISIL এর সাথে যুক্ত না। হোসেন তোউফিক বলেছেন পাকিস্তানের Inter-Services Intelligence (ISI) এটির সাথে যুক্ত থাকতে পারে। পরবর্তীতে সিরিয়া থেকে জানা গেল সন্ত্রাসীরা নাকি ইসলামী খেলাফত প্রতিষ্ঠার জন্য এটি করেছে – সন্ত্রাসীদের এই কথা জেনে আপনার কি মনে হয়েছে? পাগলে কিনা কই ছাগলে কিনা খাই? আপনি ঠিক ধরেছেন। বাংলাদেশের পূর্বে মধ্যেপ্রাচ্য খেলাফত প্রতিষ্ঠা...। উল্লেখ্য আমরা জানি ইসলামে বিশৃঙ্খলা সৃষ্টি হারাম।

১৩। আমাদের মুসলিমদের একটি প্রচলিত কথা - ইহুদীদের দালাল – একটি পর্যবেক্ষণ

ইহুদীদের দালাল এটিকে খুব নিখুত ভাবে নকশা করা এটি যেকোন ব্যক্তির ক্ষেত্রে ব্যবহার করা যায়। এটি কে ব্যবহার করা হয় স্বার্থের ক্ষেত্রে এবং এটি ইহুদীদের অর্থের সাথে যুক্তকে বুঝায়। উল্লেখ্য ওয়ার্ল্ড ব্যাংকের কাছে সব দেশ ঋণী কিংবা যুক্ত তাহলে কি সব দেশ ইহুদীদের দালাল? অনেকেই আবার এই জন্য ইহুদীদের দালাল বলে কারন সৌদি আরবের অর্থের সাথে যুক্ত। পূর্বে আমাদের জানতে হবে মুসলিমরা ইহুদীদের দালাল নাকি

(৩) https://www.theweek.in

(৪) https://en.wikipedia.org/wiki/July_2016_Dhaka_attack

ইহুদীরা জোর করে মুসলিমদের দালালী করছে? তেলকে ব্ল্যাক গোল্ড বলা হয়। সেভেন সিস্টার (Seven Sisters) হল সাতটি তেল কোম্পানির নাম। একজন ডাচ, একজন ব্রিটিশ, একজন আমেরিকান যারা বুদ্ধি করেছিল তেল উৎপাদন কারী সকল দেশ থেকে তেল ক্রয় করে সারা বিশ্বে একমাত্র তারাই তেল সরবরাহ করবে। এটি কার্যকর করতে এবং বজায় রাখতে কিছু মানুষকেও হত্যা করা হয়। মুসলিমদের অর্থনীতিতে এদের ভাগ বা দালালীর শুরু ১৯৪০ সাল থেকে। আমরাই তাদেরকে দালালীর সুযোগ দিয়েছি এবং তাদের ষড়যন্ত্র সম্পর্কে বুঝতে পারিনি। সৌদি আরবের অর্থের সাথে যুক্ত হলে যদি ইহুদীদের দালাল হয় তাহলে এইখানে হজ্জ চলে আসবে। আশা করি বুঝতে পেরেছেন।

যে কেউ কি ইচ্ছা করলেই ইহুদীদের দালাল হতে পারবে? অবশ্যই না। যদি আপনি বড় ব্যবসায়ী হন তাহলে তারা আপনাকে দালালীর সুযোগ দিতে পারে আবার নাও দিতে পারে।

ছদ্ম-ইহুদীধর্ম - Crypto-Judaism (৫)

ক্রিপ্টো-ইহুদীবাদ হল ইহুদিবাদের গোপন আনুগত্য করা কিন্তু এরা জনসাধারণের সাথে অন্য বিশ্বাসের কথা বলে। যারা এটির অনুশীলন করে তাদেরকে "ক্রিপ্টো-ইহুদি" হিসাবে অভিহিত করা হয়। সন্দেহজনকভাবে ক্রিপ্টো-ইহুদি যে কেউ হতে পারে এমনকি আপনিও। ব্যাপারটা এমন কেউ একজন ইহুদী কিন্তু সে ইসলাম, নাস্তিক, হিন্দু ধর্মের কথা বলছেন অতএব সে ক্রিপ্টো-ইহুদি। ইহুদীরা সাধারণত- কে ক্রিপ্টো-ইহুদী এটিকে প্রকাশ করে থাকে যেমন ইহুদীরা বলে থাকে মোসাদ ইহুদীদের দালাল। এখানে একটি বিষয় ক্রিপ্টো-ইহুদীবাদের ব্যক্তি ইহুদীদের বিরুদ্ধে বলে না এবং ইহুদীদেরকে মানুষের চোখে ভাল করার চেষ্টা করে। কিন্তু জাকির নায়েক বলেছে পশ্চিমারা সন্ত্রাসী। এবং তাদের দালালদের লিস্টে জাকির নায়েকের নাম নেই। (৬)

১৪) House of Saud (মুসলিমদের সৌদির রয়্যাল পরিবার নিয়ে সংশয়)

আমরা মুসলিমরা জানি সৌদির রয়্যাল পরিবারের অনেক অবদান রয়েছে ইসলামের অনেক ক্ষেত্রে। কিন্তু এখন কেন তারা কিছু করতে পারছে না? বিশেষ করে যখন সারা বিশ্বে মুসলিম নির্যাতিত। জাতীয়তাবাদের ইতিহাস অনেকেই জানেন। প্রথম কারন টেকনোলজি, মুসলিমদের মধ্যে ঐক্যের অভাব। সৌদির রাজা ফয়সালের গুপ্ত হত্যা,

(৫) https://en.m.wikipedia.org/wiki/Crypto-Judaism

(৬) https://en.wikipedia.org/wiki/List_of_Jewish_American_businesspeople

সৌদি আরবের ফাহাদের গুপ্ত হত্যা। যদি আপনার মধ্যে দুনিয়ার মহব্বত বা মৃত্যুর ভয় বিদ্যমান থাকে তাহলে কেন সৌদির রয়্যাল পরিবারের মধ্যে থাকতে পারে না? আমরা মুসলিমরা ভুলভাবে বিশ্বাস করি সৌদির রয়্যাল পরিবার পরিবর্তন হলে বা রাজতন্ত্র পরিবর্তন হলে ভাল কিছু হবে। কিন্তু পরিবর্তনে নতুন যাই হবে, সে তৃতীয় পক্ষের সাথে সম্পর্ক ভাল না রাখলে গুপ্ত হত্যার স্বীকার হবেই। এইগুলো সহজ ব্যাপার না। পরিবর্তনে বর্তমান থেকে খারাপও হতে পারে। আমরা দোয়া করতে পারি সৌদির রয়্যালের মাধ্যমে যেন ভাল কিছু হয়। এটি সব দেশের ক্ষেত্রে একই আমরা দোয়া করতে পারি। যারা এই সব নিয়ে ভাবেন, তাদেরকে এটিও ভাবতে হবে শক্তিশালী দেশের (পশ্চিমা) New world order এ রয়েছে সারা বিশ্বে গণতন্ত্র প্রতিষ্ঠা করা। পৃথিবীর অন্যদিকের চেষ্টা মধ্যপ্রাচ্যতে কমিউনিজম প্রতিষ্ঠা করা। এবং জাকির নায়েক একটি বক্তব্যে বলেছিল যারা সেখানের ক্ষমতায় তারা গুপ্ত হত্যার ভয় পায়।

১৫। পীর কি কোন সমস্যা? দর্শনে একটি কথা রয়েছে ইসলামের শত্রু ইসলাম নিজেই কারন মুসলিমরা নিজেরাই নিজেদের বিরোধিতা করে ও বিভিন্ন দলে বিভক্ত। আমরা জানি পীররা আধুনিক যুগে সমস্যা কারন তাদের কিছু তাফসীর। তাফসীর এর ফলাফল - অধিকাংশ নাস্তিক যাদেরকে আমরা চিনি ও জানি তাদের পরিবারের সদস্যরা পীরদের মুরিদ ছিল। নাস্তিকরা সাধারণত পীরদের এমন একটি তাফসীর আপনার সামনে তুলে ধরবে, যেটি পড়ে সে নাস্তিকতায় রুপান্তর হয়েছে, যা তার বাড়িতে রয়েছে ও তার বাবা কিংবা মা কিংবা নানা দাদা পড়ত। আমরা জানি হাক্কানি পীরদের জন্যই এই সব দেশে ইসলাম টিকে ছিল। বর্তমানে যারা ভণ্ড পীর রয়েছে, আমরা তাদের বিরুদ্ধে কিছু বলি না কিন্তু জাকির নায়েকের বিরুদ্ধে বলি। এমন কেন?

১৬। মানুষের চরিত্র বিশ্লেষণের সাধারন পদ্ধতি- সংক্ষেপে- এটি সম্পর্কে জানব যদিও আমরা নিজেদের সম্পর্কে নিজেরাই ভাল জানি কিনা সন্দেহ। পর্যবেক্ষণ হল এটির চাবিকাঠি। যে কোন ব্যক্তি কেমন তার সম্পর্কে জানার জন্য এটি একটি সাধারন জ্ঞান।

Create a baseline- প্রথমে যে কোন ব্যক্তির নেতিবাচক ও ইতিবাচক বিষয় গুলি কে লক্ষ্য করুন। সে কেন করছে, কিভাবে করছে ইত্যাদি।

Look for deviations- আপনি ব্যক্তির শব্দ এবং অঙ্গভঙ্গির মধ্যে কোন অসঙ্গতি আছে কিনা লক্ষ্য করুন। উদাহরণস্বরূপ: আপনি লক্ষ্য করেছেন একজন ব্যক্তির গলা বারবার

পরিষ্কার করার অভ্যাস আছে কিংবা একজনের ভাল বড় ব্যবসা রয়েছে কিন্তু সে বলছে তার ব্যবসা ছোট। ব্যক্তির ছোট বিষয় গুলি আপনাকে সাহায্য করবে ব্যক্তি আসলে কেমন।

Compare and contrast- লক্ষ্য করুন যে কোন ব্যক্তি স্বাভাবিকের তুলনায় একটু ভিন্ন কাজ করছে কিনা এবং প্রত্যেক অন্যের ব্যক্তির সাথে সে একই আচরণের পুনরাবৃত্তি করছে কিনা।

Identify the strong voice or Pinpoint action words- শক্তিশালী ভয়েস সনাক্ত করুন, এক ব্যক্তি হতে অন্য ব্যক্তির মাথায় কোন বিষয় যাওয়ার একটি উপায় হল ব্যক্তির শব্দগুলি। শব্দ- চিন্তা প্রতিনিধিত্ব করে, তাই পুরো শব্দ সনাক্ত করুন, অপ্রাসঙ্গিক (out of context) শব্দ নয়। ব্যক্তি কোন শব্দ প্রকাশ করার জন্য তার কণ্ঠকে শক্তিশালীভাবে প্রকাশ করছে সেটি লক্ষ্য করুন।

Look for personality clues - লক্ষ্য করুন কেউ কি প্রয়োজনের বেশি অন্তর্মুখী বা বহির্মুখী আচরণ প্রদর্শন করছে কিনা। লক্ষ্য করুন কিভাবে যে কোন ব্যক্তি ঝুঁকি এবং অনিশ্চয়তা পরিচালনা করে। লক্ষ্য করুন যে কোন চাপের সময় ব্যক্তির আচরণ কেমন হয় কতটুকু পরিবর্তন হয় ইত্যাদি। স্বচ্ছন্দে ব্যক্তির আচরণ কেমন হয় এবং কতটুকু পরিবর্তন হয়। উপরের সব তথ্য এক স্থানে করলে জানা যাবে ব্যক্তিটি কেমন।

শূন্যস্থান পুরনের উত্তর।

Tr uck – অর্থ ট্রাক।

Vex – অর্থ উত্ত্যক্ত করা।

আমরা মুসলিমরা জাকির নায়েককে ভালবাসতে পারি কিংবা নাও ভালবাসতে পারি কিন্তু একটি বিষয় সম্পর্কে সাবধান হওয়া উচিত- বিশেষ করে যারা দাওয়াতি কাজে যুক্ত। নিজেরা যেন জাকির নায়েকের মত সমস্যায় পতিত না হই। আমাদের মাধ্যমে যেন কেউ সমস্যায় পতিত না হয় কিংবা কারো ক্ষতি না হয় ইত্যাদি।

আমরা আমাদের দেশে ইসলামিক চ্যানেল বন্ধ করতে সক্ষম হয়েছি। কিন্তু বাংলাদেশি সংস্কৃতি ধ্বংসকারী ভারতীয় চ্যানেল চালু রয়েছে – এটি দ্বারা কিছু কি প্রমান হয়? আধুনিক যুগে আমাদের ইসলামিক চ্যানেলের প্রয়োজন পরেছে যদি আমরা বন্ধ চ্যানেল চালু করতে না পারি। আমাদের উচিত ছিল একটি নতুন ইসলামিক চ্যানেল সম্প্রচার করা।

বন্ধ কিছু যদি চালু হয় তাহলে কি আমরা বিজয়ী হলাম? যারা বন্ধ করতে সক্ষম হয়েছিল তারা কি পরাজিত হল? প্রকৃতপক্ষে ভালো কিছু ঘটলে এটি সকলকে বিজয়ী করে থাকে।